



**প্রাথমিক বিদ্যালয়টির**

**দৈন্যদশা ঘটবে কবে ?**

মৌলভীবাজার জেলার কলা-  
 উড়া উপজেলাধীন মুলতানপুরে  
 বৃষ্টিশ্রম আমলে প্রতিষ্ঠিত সরকারী  
 প্রাথমিক বিদ্যালয়টি আজ নানা  
 সমস্যায় জর্জরিত। দাউদপুর,  
 মুলতানপুর, রণচাপ, চকরণচাপ—  
 এই কয়টি গ্রামের মধ্যে এই একটি  
 মাত্র প্রাথমিক বিদ্যালয়, ভবনটির  
 অবস্থা অত্যন্ত করুণ। গ্যামান্য  
 বৃষ্টিপাতে হলেই পানিতে ভরে  
 যায়। বিদ্যালয় ভবনটি ধসে  
 পড়ার আশংকা আছে, কিন্তু এই  
 সরকারী প্রাথমিক বিদ্যালয়টির  
 কোন উন্নয়ন করা হচ্ছে না।  
 ফলে ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার  
 ক্ষতি হচ্ছে। ছাত্রছাত্রীদের বসার  
 বেকসস্থ শিক্ষক মহোদয়গণের  
 বসার চেয়ার, টেবিল ও প্রয়োজনীয়  
 আসবাবপত্র বলতে কিছুই নেই।  
 নেই একটি ব্ল্যাক বোর্ড। ছাত্র-  
 ছাত্রীদের জন্য খেলার উপযোগী  
 কিছুই নেই।

ভবনটির সংস্কার ও উন্নয়ন  
 করে ছাত্রছাত্রীদের সুস্থ শিক্ষার  
 পরিবেশ ফিরিয়ে আনার জন্য  
 শিক্ষা মন্ত্রণালয়ের উদ্বতন কর্ম-  
 কর্তার দৃষ্টি আকর্ষণ করছি।

মোহাম্মদ আলী আসকর ও  
 মোহাম্মদ ওয়াহিদ আলী চৌধুরী,  
 দাউদপুর, ভূইগাঁও, মৌলবী-  
 বাজার।